

গৌর প্রেমের ঢেউ লেগেছে গায়
তোরা দেখসে তায়
নদীর মৌজা ভারি – ও নাগরী
আমি ডুবে মরি কিনারায় ॥

মনে করি সাঁতরে পেরিয়ে যাই
হাঁটু জলে না নামিতে ভাই হাবুডুবু খাই
কে আছে তোর ব্যথার ব্যথী
(তোরে) হাত ধরে ডাঙায় তোলায় ॥

মনে করি অগাধ জলে রই
নিতাই চাঁদকে প্রেম কুমীরে ভাই ধরেছিল সই
(আবার) কুমীর বলে ছাড়ব না ভাই
(আমি) পেয়েছি সেই পদাশ্রয় ॥

গোসাঁই বলছে ভবাবে
বাঁকা নদীর তুফান দেখে ভাই হলি অন্ধ রে
নদীতে মাসে মাসে জোয়ার আসে
(ও তুই) নেহার ধরে বসবি আয় ॥

The wave of Gaura-love hit me
O – see you all
The river is so wide – O city girl
Yet I am drowning only at the bank.

I wish to swim across the river
Yet I choke and gasp only at knee-depth
Is there anyone to feel sorry for me
And pull me out by the hand?

I wish to stay in deep water
But the love-crocodile grabbed Nitaichand there
And the crocodile said, “I won’t let go ...
I found my home at his feet”.

The guru said to Bhoba –
“You are blinded by the storm on the river.
The tides hit the river monthly
Sit down then and hold your gaze“.

Rough translation by Soumya Chakravarti